**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু প্রতিটি বিদ্যালয়ে মাতৃভাষাকে বাধ্যতামূলক করার জন্য পরামর্শ দিয়েছেন ।**

**(২) পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে গত তিনটি অর্থ বছরে পর্যটকের সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে ।**

**(৩) নেপাল ও তিব্বতের ভয়াবহ বন্যায় এ অবধি প্রায় ৫৮ টন ত্রানসামগ্রী পাঠাল ভারত।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন ।**

**(৫) জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে ধ্যানচাঁদের মূর্তি স্থাপন করলেন মুখ্যমন্ত্রী ।**

*******************************************************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু প্রতিটি বিদ্যালয়ে মাতৃভাষাকে বাধ্যতামূলক করার জন্য পরামর্শ দিয়েছেন| আজ সুরেভরাম প্রতাপ রেড্ডি তেলেগু বিশ্ববিদ্যালয়ে, মাতৃভাষা দিবস এবং ২০২৬ সংস্কৃতি পুরস্কার প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এ পরামর্শ দেন| তিনি বিশ্ববিদ্যালয়গুলি গতানুগতিক পাঠ্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের পছন্দের অন্যান্য শিল্পকলাকে একীভূত করে নতুন পাঠ্যক্রম তৈরি করারও পরামর্শ দেন|

*************************

**PM-Visit:**

দুই দিনের সফরে আজ সন্ধ্যায় উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে পৌঁছেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উজবেকিস্তানের রাষ্ট্রপতি শভকাত মির্জিওয়েভ প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। সফরকালে দুই নেতা দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করবেন।

প্রধানমন্ত্রী মোদীর চতুর্থ সফরকে ঘিরে তাসখন্দ শহর ভারতীয় পতাকা ও হোর্ডিংয়ে সেজে উঠেছে। আগামীকাল রাষ্ট্রপতি ভবনে প্রধানমন্ত্রী শ্রী মোদী ও উজবেকিস্তানের রাষ্ট্রপতি মির্জিওয়েভ দুই দেশের শতাব্দীপ্রাচীন সভ্যতাগত যোগাযোগ ও ঘনিষ্ঠ বন্ধুত্বের ভিত্তিতে গড়ে ওঠা দ্বিপাক্ষিক সম্পর্কের সার্বিক পর্যালোচনা করবেন। বৈঠকে বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, ডিজিটাল সংযোগ, শক্তি, শিক্ষা-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে আলোচনা হবে।

**************************

**Sugar-Price:**

সরকার জানিয়েছে, দেশে চিনির কোনো ঘাটতি নেই এবং যুক্তিসঙ্গত দামে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। ভোক্তা বিষয়ক মন্ত্রক জানিয়েছে, সম্প্রতি চিনির কারখানা মূল্য প্রায় ২০ শতাংশ কমেছে এবং খুচরো দামও নিম্নমুখী। কৃত্রিম সংকট রুখতে আগামী মাস থেকে মাসিক কোটার পরিবর্তে পাক্ষিক চিনি বণ্টন ব্যবস্থা চালু করা হবে।

**************************

**Tourism-Sushanta:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে গত তিনটি অর্থ বছরে পর্যটকের সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। গত অর্থ বছরে রাজ্যে পর্যটকের সংখ্যা

ছিল ৭ লক্ষ ২৯ হাজার ৪১৪ জন। এর মধ্যে বিদেশি পর্যটক ছিলেন ১৯ হাজার ১৭১ জন। রাজ্য বিধানসভায় বিধায়ক অন্তরা সরকার দেবের এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। তিনি জানান, রাজ্যে বর্তমানে আনুমানিক ৪00 কোটি টাকা ব্যয়ে পাঁচটি পর্যটন প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। এই প্রকল্পগুলোর মধ্যে রয়েছে উদয়পুরের বনদোয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক, ছবিমুড়া, নারিকেলকুঞ্জ, উনকোটির সোনামুখী এবং জিরানিয়া পার্ক।

**************************

## BEUP-Ambulance:

বিধায়ক ভগবান চন্দ্র দাস আজ তাঁর "বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল" থেকে পাবিয়াছড়ার দক্ষিণ মাছমারায় ‘বাবা লোকনাথ মহিলা স্বনির্ভর গোষ্ঠী’কে একটি শীতাতপ নিয়ন্ত্রিত অ্যাম্বুলেন্স প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কুমারঘাটের SDM এন,এস, চাকমা, পেঁচারথলের BDO নবারুণ চক্রবর্তী প্রমুখ।

**************************

## Nepal-Flood:

নেপাল ও তিব্বতে ভয়াবহ আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৬২৬ জনে দাঁড়িয়েছে, ও নিখোঁজ রয়েছেন ২ হাজারেরও বেশি মানুষ। নেপালের ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে তল্লাশি ও উদ্ধার অভিযান জোরদার করা হয়েছে। পুলিশ, স্থানীয় বাসিন্দা ও বিভিন্ন সংস্থা সমন্বিতভাবে নিখোঁজদের সন্ধান এবং আটকে পড়া মানুষদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার কাজ চালাচ্ছে। একইসঙ্গে, বন্যা ও ভূমিধসে অবরুদ্ধ সড়ক পরিষ্কার করে যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক করার চেষ্টা চলছে।

এদিকে, বন্যায় ক্ষতিগ্রস্ত ভারতীয়দের উদ্ধারে ভারত সরকারও তৎপর রয়েছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, ৩২০ জন ভারতীয় নাগরিকের সঙ্গে যোগাযোগ করা

যাচ্ছে না বা তাঁরা নিখোঁজ রয়েছেন। এছাড়া ভারতীয় বংশোদ্ভূত প্রায় ১00 জনের সঙ্গেও যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। তবে ত্রিশূলী-১ জলবিদ্যুৎ প্রকল্পে কর্মরত ৬৩ জন ভারতীয়কে নিরাপদে উদ্ধার করা হয়েছে। চীনের অংশে প্রায় ৪00 ভারতীয় নাগরিক নিরাপদে রয়েছেন বলে জানিয়েছে মন্ত্রক।

নেপালে উদ্ধার ও ত্রাণকাজে ভারত ৫৭ দশমিক ৬ টন ত্রাণসামগ্রী পাঠিয়েছে। কাঠমান্ডুর অনুরোধে চিকিৎসক ও টানেল উদ্ধার বিশেষজ্ঞ-সহ ১১ সদস্যের ভারতীয় দলও নেপালে পৌঁছেছে। এদিকে, বিদেশ মন্ত্রক ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম এবং কাঠমান্ডু ও বেইজিংয়ে ভারতীয় দূতাবাসের মাধ্যমে হেল্পলাইন চালু রেখে উদ্ধার ও ত্রাণকাজের সমন্বয় করছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে৷ ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হতে চলেছে ‘মন-কি-বাত’–এর ১৩৭তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন:প্রচার করা হবে।

*************************

**NFR- Re-scheduled:**

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল ও আগামী সোমবারের ১৫৬৫০ নারেঙ্গি-আগরতলা এক্সপ্রেস নারেঙ্গি থেকে ছাড়বে সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে। আগামীকাল ০১৬৬৬ আগরতলা-রাণী কমলাপতি এক্সপ্রেস আগরতলা থেকে ছাড়বে সন্ধ্যা ৭ টা ২০ মিনিটে।

আগামী ৩১ শে আগস্টের ২০৫০১ আগরতলা-আনন্দবিহার তেজস রাজধানী এক্সপ্রেস আগরতলা থেকে ছাড়বে সন্ধ্যা ৭ টায়।

*************************

**Mayor-Health Camp:**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ কৃষ্ণনগর ক্লাব আয়োজিত আয়ুর্বেদিক স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করেন। তিনি নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং প্রাকৃতিক চিকিৎসা পদ্ধতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

*************************

**Blood Donation-CPIM:**

এসএফআই ও ডিওয়াইএফআই-এর উদ্যোগে আজ ডুকলির সিপিআইএম কার্যালয়ে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, এসএফআই-এর রাজ্য সভাপতি প্রীতম শীল, রাজ্য সম্পাদক সৃজন দেব। শিবিরে ২১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

**************************

**Major Dhyan Chand:**

হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের ১২১তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ দেশজুড়ে জাতীয় ক্রীড়া দিবস পালিত হচ্ছে। ক্রীড়াক্ষেত্রে তাঁর অসামান্য অবদানকে স্মরণ করে দিনটি উদযাপন করা হয়। এবারের জাতীয় ক্রীড়া দিবসের মূল ভাবনা ‘খেলবে ভারত, জিতবে ভারত’। এই ভাবনার মাধ্যমে দেশের যুবসমাজকে খেলাধুলায় আরও বেশি করে অংশগ্রহণে উৎসাহিত করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে সমস্ত ক্রীড়াপ্রেমীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, ক্রীড়াবিদদের নিষ্ঠা, আবেগ ও সংকল্প সমগ্র দেশকে গৌরবান্বিত করে। কিংবদন্তি মেজর ধ্যানচাঁদের অসাধারণ প্রতিভা আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করে যাবে।

**************************

**Sports Day-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বাধারঘাটে দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সে হকির জাদুকর, কিংবদন্তি মেজর ধ্যানচাঁদ-এর পূর্ণাবয়ব মূর্তি স্থাপন করেন|

উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়, মেজর ধ্যানচাঁদ এর ছেলে তথা অলিম্পিয়ান ও অর্জুন পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট হকি খেলোয়াড় অশোক কুমার। অনুষ্ঠানে ১৫ জন কৃতি খেলোয়াড়কে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

***************************

## National Sports Day-State:

"জাতীয় ক্রীড়া দিবস" উপলক্ষ্যে আজ ঊনকোটি জেলায় নানা কর্মসূচির আয়োজন করা হয়। কৈলাশহরে ক্রীড়া দপ্তরের কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি মেজর ধ্যানচাঁদের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল প্রমুখ। অনুষ্ঠান শেষে ভলিবল ও ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। রামকৃষ্ণ মহাবিদ্যালয় সংলগ্ন দীঘিতে ওয়াটার পোলো'তে অংশ নেয়, ভারতীয় প্রাক্তন সৈনিক লিগ এবং ক্রীড়া দপ্তরের কর্মীরা।

সিপাহীজলা জেলার মূল অনুষ্ঠানটি হয় বিশালগড়ের কড়ইমুড়া খেলার মাঠে। সেখানে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব।

সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের শারীরশিক্ষা বিভাগের উদ্যোগেও জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের প্রতিকৃতিতে মাল্যদান করেন কলেজ অধ্যক্ষ ড. অনুপম গুহ, অধ্যাপক মুকেশ মিত্র সহ উপস্থিত অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে কলেজ ছাত্র-ছাত্রীদের মধ্যে দাবা প্রতিযোগিতা শুরু হয়, তা চলবে আগামী ৩১ আগস্ট পর্যন্ত।

***************************

## SPANDAN-Volleyball:

'স্পন্দন—স্পোর্টস ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট' ভলিবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হল পশ্চিম জেলা। খোয়াই জেলাকে ৩-১ সেটে হারিয়ে পশ্চিম জেলা এই খেতাব অর্জন করল।

১৬৯ ব্যাটালিয়ন বি.এস.এফ, ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রক এবং স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত রাজ্যভিত্তিক এই আসরের আজ ছিল সমাপ্তি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এই অনুষ্ঠানে বিশেষ আতিথি হিসেবে উপস্থিত ছিলেন বি.এস.এফ-এর আই.জি প্রিন্সি রানী।

**************************

## B.C.Roy Trophy :

ডঃ বি সি রায় ট্রফি জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতায় সেমিফাইনালে উঠল ত্রিপুরা। ছত্তিশগড়ের আয়োজিত গ্রুপ লিগের শেষ ম্যাচে ত্রিপুরা ১-১ গোলে ড্র করে ঝাড়খন্ডের সঙ্গে। এরফলে গ্রুপে শীর্ষে থেকে সেমিফাইনালে উঠল ত্রিপুরা। আগামী ১ সেপ্টেম্বর সেমিফাইনাল ম্যাচ রয়েছে।

**************************

## Weather :

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামী ৩১শে আগস্ট ত্রিপুরা সহ নাগাল্যান্ড, মণিপুর ও মিজোরামে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে বলে হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রী সেলসিয়াস।

**************************

*************************